অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/15/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ওয়েস্টবেরির ভিলেজের ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ সমাপ্তি ঘোষণা করেন

ওয়েস্টবেরি তার ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ প্রকল্পগুলির ছয়টি সম্পন্ন করেছে

সমাপ্ত হওয়া DRI প্রকল্পগুলি আবাসন, ছোট ব্যবসা, পথচারীদের অ্যাক্সেস, পাবলিক স্পেস ওসাংস্কৃতিক সুবিধাগুলোকে উৎসাহিত করার জন্য একটি ট্রানজিট-ভিত্তিক কমিউনিটি তৈরি করছে

ওয়েস্টবেরির DRI প্রকল্পগুলির আগে ও পরের ফটো এখানে দেখুন

গভর্নর রূপান্তরমূলক আবাসিক প্রকল্পগুলিকে সহায়তা করার জন্য 350 মিলিয়ন মার্কিন ডলারের লং আইল্যান্ড ইনভেস্টমেন্ট মূলধনের অনুমতি দেওয়ার জন্য নতুন নির্দেশিকাও ঘোষণা করেন

গভর্নর ক্যাথি হোকল আজ পোস্ট অ্যাভিনিউ করিডোর বরাবর বিস্তৃত স্ট্রিটস্কেপের উন্নয়নের উন্নয়নের জন্য ফিতা কাটার অনুষ্ঠানে ওয়েস্টবেরির চূড়ান্ত ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ (Downtown Revitalization Initiative, DRI) প্রকল্পের সমাপ্তি ঘোষণা করেন। এই প্রকল্পের সমাপ্তির সাথে সাথে, ওয়েস্টবেরি এখন স্টেটের অত্যন্ত সফল ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের অধীনে অর্থায়ন করা তার ছয়টি প্রকল্প সম্পন্ন করেছে। ওয়েস্টবেরি DRI স্টেটে ট্রানজিট-নির্ভরশীল উন্নয়নের জন্য একটি পুরস্কার-বিজয়ী মডেল হয়ে উঠেছে, যা ট্রানজিট স্টেশনগুলোর কাছাকাছি আবাসনের সুযোগ সম্প্রসারিত করার জন্য গভর্নর হোকলের প্রচেষ্টার একটি মূল ধারণা।

"ওয়েস্টবেরির কৃতিত্বগুলি নিউ ইয়র্ক কমিউনিটির জন্য একটি DRI পুরস্কারের রূপান্তরমূলক যে প্রভাব প্রদর্শন করে তা তুলে ধরে," **গভর্নর হোকল বলেন।** "ওয়েস্টবেরির DRI হলো যৌথভাবে পরিচালিত প্রকল্প বিনিয়োগের একটি হোম যা কমিউনিটির জন্য একাধিক সুবিধা তৈরি করবে এবং সংস্কার প্রক্রিয়া অব্যাহত রাখার পাশাপাশি পরবর্তী প্রজন্মের জন্য আরো বেশি বিনিয়োগ করবে। ওয়েস্টবেরির সাফল্যের গল্প লং আইল্যান্ড ও স্টেট জুড়ে অন্যান্য কমিউনিটির জন্য একটি মডেল হিসেবে কাজ করতে পারে।"

নিউ ইয়র্কের সেক্রেটারি অব স্টেট রবার্ট জে রদ্রিগেজ বলেন, "দ্য ভিলেজ অব ওয়েস্টবেরি ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের লক্ষ্য ঠিক কী- এর উদাহরণ দেয় – প্রকল্প ও বিনিয়োগের সংমিশ্রণ যা ইতোমধ্যে ডাউনটাউনে নতুন বাসিন্দা ও দর্শনার্থীদের নিয়ে আসছে এবং কমিউনিটির শক্তি বৃদ্ধি করছে। এই অসাধারণ সাফল্যের জন্য ভিলেজ, DRI লোকাল প্ল্যানিং কমিটি (DRI Local Planning Committee) ও বাসিন্দাদের অভিনন্দন এবং আমি আগামী প্রজন্মের জন্য এই প্রকল্পগুলোর সাফল্য থেকে ওয়েস্টবেরিকে উপকৃত হতে দেখার অপেক্ষায় রয়েছি।"

পোস্ট অ্যাভিনিউ করিডোর বরাবর পথচারী, পাবলিক স্পেস ও আলোর উন্নতির জন্য DRI 5.5 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি প্রদান করেছে। এই প্রকল্পটি নর্দার্ন স্টেট পার্কওয়ে থেকে ওল্ড কান্ট্রি রোড পর্যন্ত পোস্ট অ্যাভিনিউ বরাবর রাস্তার সৌন্দর্যের উন্নতির জন্য একটি সিরিজ বাস্তবায়ন করেছে, যার মধ্যে নতুন গাছ, বেঞ্চ এবং বাইক র‍্যাক যোগ করা হয়েছে, LED আলোর উন্নয়ন করা এবং নির্বাচিত মোড়ে ও কিছু পাশের রাস্তায় কিছু ফুটপাথ সম্পসারণ করা।

2016 সালে DRI-এর প্রথম রাউন্ডে ওয়েস্টবেরি 10 মিলিয়ন মার্কিন ডলার DRI বরাদ্দ পেয়েছে। ভিলেজের কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা "সব ঋতুর জন্য একটি কমিউনিটি তৈরি, এর বৈচিত্র্য, সহনশীলতা ও অন্তর্ভুক্তি উদযাপন" করার দিকে মনোনিবেশ করেছিল। মূল লক্ষ্যগুলোর মধ্যে রয়েছে "একটি ডাউনটাউন তৈরি করা যা LIRR স্টেশনের কাছাকাছি ব্যবহারের একটি প্রাণবন্ত মিশ্রণকে সমর্থন করে, ডাউনটাউনে পথচারীদের কার্যকলাপ বৃদ্ধি করে এবং তাদের শিল্প-কেন্দ্রিক কমিউনিটির সাংস্কৃতিক প্রোফাইলকে উন্নত করে।"

DRI প্রকল্পের অংশ হিসেবে, ওয়েস্টবেরি মোট ছয়টি সংস্কার প্রকল্প সম্পন্ন করেছে:

- **রিজোন দ্য ডাউনটাউন - 970,000 মার্কিন ডলার DRI বরাদ্দ**: ভিলেজটি ট্রানজিট-ভিত্তিক উন্নয়নের প্রচার, আবাসিক ও বাণিজ্যিক ব্যবহারের মিশ্রণের অনুমতি প্রদান করে এবং LIRR স্টেশনের কাছাকাছি বর্ধিত ঘনত্বকে উৎসাহিক করার জন্য তার LIRR স্টেশন সংলগ্ন 52 একর জমি রিজোন করে। 2019 সালে রিজোনিং এর কাজ সম্পন্ন হয়েছিল।
- **পোস্ট ও ইউনিয়ন অ্যাভিনিউতে একটি পথচারী প্লাজা ও ইন্টারসেকশন আগ্রগতি তৈরি করা - 785,000 মার্কিন ডলার DRI বরাদ্দ:** এই প্রকল্পটি LIRR স্টেশন ও পোস্ট অ্যাভিনিউ রিটেইল করিডোরের মধ্যে পথচারীদের সংযোগকে উন্নত করেছে এবং পোস্ট ও ইউনিয়ন অ্যাভিনিউগুলির একটি মূল ভিলেজের সংযোগস্থলে একটি নতুন পথচারী প্লাজা তৈরি করেছে।
- **পোস্ট এভ করিডোরে স্ট্রিটস্কেপের উন্নতিসমূহ -5,560,000 মার্কিন ডলার DRI বরাদ্দ:** এই সম্প্রসারিত প্রকল্পটি নর্দার্ন স্টেট পার্কওয়ে থেকে ওল্ড কান্ট্রি রোড পর্যন্ত পোস্ট অ্যাভিনিউ বরাবর বেশ কয়েকটি রাস্তার সৌন্দর্যের উন্নয়ন বাস্তবায়ন করেছে, যার মধ্যে নতুন গাছ, বেঞ্চ এবং বাইক রাক্স যোগ করা হয়েছে, LED আলোর উন্নয়ন করা এবং নির্বাচিত মোড়ে এবং কিছু পাশের রাস্তাসমূহে কিছু ফুটপাথ সম্পসারণ করা।

- **বিনোদন ও কমিউনিটি স্পেস আপগ্রেড - 430,000 মার্কিন ডলার DRI বরাদ্দ:** ভিলেজটি ওয়েস্টবেরি বিনোদন ও কমিউনিটি সেন্টার কমপ্লেক্স তৈরি করে এমন তিনটি সুবিধা আপগ্রেড করেছে। কাজের মধ্যে রয়েছে:সক্ষমতা বৃদ্ধির জন্য পার্কিং লটটি পুনরায় কনফিগার করা; জিমের ফ্লোর সংস্কার, LED আলো, একটি নতুন বয়লার ও নতুন ADA দরজা যুক্ত করা; বাহ্যিক পেইন্টিং এবং ছাদের কাজ করা।
- **ওয়েস্টবেরি আর্টস কাউন্সিলের জন্য একটি স্থায়ী স্থান সুরক্ষিত করুন - 1,355,000 মার্কিন ডলার DRI বরাদ্দ:** ভিলেজটি আর্টস কাউন্সিলের জন্য সম্প্রতি অর্জিত একটি বিল্ডিং সংস্কারের জন্য DRI মূলধন ব্যবহার করেছিল যা তাদের অনেক কর্মসূচি, পাবলিক প্রদর্শনী, বক্তৃতা, আর্ট ক্লাস, সভা ও অন্যান্য ইভেন্টগুলির সুবিধার্থে ছিল।
- **রিটেইল ক্যাপিটাল ইমপ্রুভমেন্টের জন্য মূলধন - 600,000 DRI বরাদ্দ:** DRI মূলধনগুলি ভিলেজের অত্যন্ত *সফল খুচরা প্রনোদনা কর্মসূচি* এবং এর *ফেসেড ইমপ্রুভমেন্ট কর্মসূচি* অব্যাহত রাখার অনুমতি প্রদান করে এবং মূলধন উন্নতির জন্য লক্ষ্যযুক্ত খুচরা ব্যবসা প্রতিষ্ঠানগুলিকে সরাসরি অনুদান প্রদান করেছে। 10টি বাণিজ্যিক ভবন ও 3টি সরকারি ভবন উন্নত করার জন্য মূলধনটি ব্যবহার করা হয়েছিল।

ওয়েস্টবেরির DRI প্রকল্পগুলির সমাপ্তি এই অঞ্চলের অন্যতম গুরুত্বপূর্ণ পরিবহন অবকাঠামো প্রকল্প- ফ্লোরাল পার্ক থেকে হিকসভিল পর্যন্ত স্টেটের LIRR তৃতীয় ট্র্যাক সম্পসারণ প্রকল্প,যার মধ্যে ওয়েস্টবেরি LIRR স্টেশন, পথচারী সুবিধা ও এর নতুন পার্কিং গ্যারেজের উল্লেখযোগ্য আপগ্রেড অন্তর্ভুক্ত রয়েছে।

DRI ওয়েস্টবেরির ইনোভেটিভ ট্রানজিট-ওরিয়েন্টেড ডেভেলপমেন্ট (Transit-Oriented Development, TOD) LIRR স্টেশন সংলগ্ন 52 একর ব্লাইটেড সম্পত্তির রিজোনিংয়ের জন্য অর্থায়ন করেছে। নতুন TOD জোনিং ইতোমধ্যেই LIRR স্টেশন সংলগ্ন নতুন হাউজিং এবং খুচরা ব্যবসায়ীদের উৎসাহিত করছে, যেমন "কর্নস্টোন ওয়েস্টবেরি (Cornerstone Westbury)," যেটি ডাউনটাউন ওয়েস্টবেরিতে 130টি ভাড়া ইউনিট নিয়ে আসছে, যেখানে 18টি সাশ্রয়ী মূল্যের ইউনিট থাকবে। ট্র্যাকের সাউথ সাইডে এর লটে MTA-এর TOD সাইট সহ আরো কয়েকটি TOD উন্নয়ন প্রাথমিক পরিকল্পনার পর্যায়ে রয়েছে। গভর্নর হোকলের স্টেট অভ দ্য স্টেট বার্তায়, TOD-কে স্টেট হাউজিং সংকট মোকাবেলা করার এবং ট্রানজিট স্টেশনগুলির সন্নিকটে আবাসন সুযোগ সম্প্রসারিত করার একটি সুযোগ হিসাবে উল্লেখ করা হয়েছিল।

গভর্নর হোকল আরো ঘোষণা করেছেন যে রূপান্তরমূলক আবাসন উন্নয়নকে সমর্থন করার জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) লং আইল্যান্ড বিনিয়োগ তহবিল সম্প্রসারিত করেছে যা সমগ্র এলাকা জুড়ে অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং কমিউনিটির পুনরুজ্জীবনকে শক্তিশালী করে। সংশোধিত গাইড লাইনগুলির অধীনে, তহবিল এমন প্রকল্পগুলির জন্য অগ্রাধিকারমূলক অর্থায়ন করবে যা খালি বাণিজ্যিক সাইটগুলির পুনঃউন্নয়ন করে, ট্রানজিট বা ডাউনটাউন বা মিশ্র-ব্যবহারের স্পেস ফিচারগুলির আশে-পাশের ব্লাইটকে অপসারণ করে৷ LIIF নির্দেশিকাগুলোর সম্প্রসারণের লক্ষ্য হলো রূপান্তরমূলক উন্নয়ন সৃষ্টির প্রাক্কালে লং আইল্যান্ডের আবাসন ঘাটতি মোকাবেলা করা যা লং আইল্যান্ড জুড়ে অব্যাহত অর্থনৈতিক প্রবৃদ্ধি চালিত করে। আপডেট করা LIIF গাইড লাইন এখানে পাওয়া যাবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "ওয়েস্টবেরি ভিলেজ কমিউনিটির চেতনা এবং ভিশনারি পরিকল্পনার রূপান্তরকারী শক্তির একটি উজ্জ্বল দৃষ্টান্ত হিসাবে দাঁড়িয়ে আছে, যেমনটি ডাউনটাউন সংস্কার উদ্যোগের মাধ্যমে প্রদর্শিত হয়েছে। এর DRI প্রকল্পগুলি সমাপ্ত হওয়ার সাথে সাথে, ওয়েস্টবেরি তার ডাউনটাউনকে একটি সমৃদ্ধ হাব হিসাবে পুনরুজ্জীবিত করেছে যেখানে শিল্প, সংস্কৃতি এবং বাণিজ্য সমৃদ্ধি লাভ করে। আবাসন তৈরি করে, অর্থনৈতিক প্রবৃদ্ধিকে উৎসাহিত করে এবং কমিউনিটিগুলিকে পুনরুজ্জীবিত করে এমন প্রকল্পগুলিকে অগ্রাধিকার দিয়ে সম্প্রতি সম্প্রসারিত লং আইল্যান্ড বিনিয়োগ তহবিল গাইড লাইনগুলি এলাকা জুড়ে অনুরূপ রূপান্তরমূলক উন্নয়নকে সমর্থন করবে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল কমিশনার রূথ অ্যান ভিসনাউকাস বলেন, "ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের মাধ্যমে সম্পন্ন করা ব্যাপক কাজের জন্য ধন্যবাদ, ওয়েস্টবেরি হলো কিভাবে আমরা 10 মিলিয়ন মার্কিন ডলার স্টেট বিনিয়োগ নিতে পারি এবং ডাউনটাউনকে আরো গতিশীল, সাংস্কৃতিকভাবে প্রাণবন্ত এবং ট্রানজিট-ভিত্তিক কমিউনিটিতে রূপান্তর করতে পারি তার একটি উজ্জ্বল দৃষ্টান্ত। এই উদ্যোগের পরিকল্পনা ও বাস্তবায়নে জড়িত সকলকে অভিনন্দন, আপনাদের কাজ নিঃসন্দেহে ওয়েস্টবেরির অনেক প্রজন্মের বাসিন্দা, ব্যবস এবং দর্শনার্থীদের উপকার করবে।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "যেহেতু আমরা জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করি সেহেতু ক্লিনার, অধিকতর টেকসই কমিউনিটিগুলিকে সমর্থন করা অপরিহার্য এবং ওয়েস্টবেরির ছয়টি পুনরুজ্জীবন প্রকল্পে প্রযুক্তিগত সহায়তা এবং নির্দেশিকা প্রদান করতে পেরে NYSERDA গর্বিত। এই বিনিয়োগগুলি একটি স্বাস্থ্যকর, আরো গতিশীল ডাউনটাউন তৈরি করতে সাহায্য করছে যার মধ্যে রয়েছে সাশ্রয়ী মূল্যের আবাসন এবং বিদ্যুৎ সাশ্রয়ী পাবলিক স্পেসগুলিতে বর্ধিত অ্যাক্সেস যা ওয়েস্টবেরির বাসিন্দাদের বর্তমান এবং ভবিষ্যত উভয় প্রজন্মকে উপকৃত করবে।"

MTA চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা জানো লিবার বলেন, "ডাউনটাউন ওয়েস্টবেরির পুনরুজ্জীবন MTA-এর তৃতীয় ট্রাক প্রকল্পের সাথে যুক্ত, যা LIRR-কে প্রতিদিন 29টি অতিরিক্ত ট্রেন দ্বারা ওয়েস্টবেরিতে পরিষেবা বৃদ্ধি করার সুবিধা দেয়, ওয়েস্টবেরি স্টেশনটি পুনর্নির্মাণ করে এবং অতিরিক্ত উচ্চতার ট্রাকের বাধা দূর করতে পোস্ট অ্যাভিনিউ ব্রিজ (Post Avenue Bridge) প্রতিস্থাপন করে। যখন আমরা ট্রানজিটে বিনিয়োগ করি, তখন ওয়েস্টবেরির মতো গতিশীল কমিউনিটিগুলিকে বসবাসের, ব্যবসা করার এবং ভিজিটের জন্য আরো আকর্ষণীয় জায়গা করে তোলার মাধ্যমে আমরা ডাউনটাউনের পুনরুজ্জীবনে বিনিয়োগ করি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট বোর্ডের চেয়ারম্যান কেভিন ল বলেন, "অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক সমৃদ্ধির পথ প্রশস্ত করে সম্পন্ন করা ওয়েস্টবেরি ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ কমিউনিটি-চালিত অগ্রগতির রূপান্তরকারী শক্তির উদাহরণ সৃষ্টি করে। অবকাঠামো, রিসোর্স এবং কমিউনিটির প্রবৃদ্ধিতে কৌশলগত DRI বিনিয়োগগুলির মাধ্যমে,

আমরা আমাদের স্থানীয় অর্থনীতিকে গোড়া থেকে শক্তিশালী করছি এবং স্থানীয় দক্ষ কর্মসংস্থান তৈরি করছি যেগুলি ভবিষ্যত প্রজন্মের উন্নয়ন ও উপকার করবে।"

LIREDC কো-চেয়ারম্যান লিন্ডা আর্মিন, বেথপেজ ফেডারেল ক্রেডিট ইউনিয়নের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা এবং ফার্মিংডেল স্টেট কলেজের প্রেসিডেন্ট ড. জন নাদের বলেন, "সুচিন্তিত পরিকল্পনা এবং আন্তরিক সহযোগিতার মাধ্যমে, ওয়েস্টবেরি ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ একটি সমৃদ্ধশালী ডাউনটাউন সৃষ্টি করেছে যা স্থানীয় ব্যবসাকে শক্তিশালী করে, শিল্পকে প্রাণবন্ত করে এবং একইভাবে বাসিন্দা ও দর্শনার্থীদের জন্য স্বাগত জানানোর অনুভূতিকে উৎসাহিত করে। সম্প্রসারিত পাবলিক স্পেস, পথচারী-বান্ধব রাস্তা এবং একটি প্রস্ফুটিত শিল্প ও সংস্কৃতির দৃশ্য দিয়ে, আমরা সবাইকে স্বাগত জানিয়ে একটি প্রাণবন্ত হাব তৈরি করেছি।"

স্টেট সিনেটর কেভিন থমাস বলেছেন, "ওয়েস্টবেরি ভিলেজে ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ প্রকল্পগুলিকে এমন গতিতে বাস্তবায়িত হতে দেখে আমি উচ্ছ্বসিত। এই রূপান্তরমূলক প্রকল্পগুলির সমাপ্তি শেয়ার করা দৃষ্টিভঙ্গি এবং সরকারের সকল স্তরের মধ্যে সহযোগিতার মাধ্যমে আমাদের কমিউনিটির জন্য যে মহত্ত্ব অর্জন করা যেতে পারে তার দৃষ্টান্ত স্থাপন করে। ওয়েস্টবেরি অত্যাধুনিক কমিউনিটি সেন্টার, আধুনিক বিনোদন সুবিধা এবং একটি উন্নত ডাউনটাউন ব্যবসায়িক এলাকার মাধ্যমে একটি উজ্জ্বল ভবিষ্যতের পথ তৈরি করছে। এটি কেবল শুরু - এবং ভবিষ্যতে যা আসছে তার জন্য আমি রোমাঞ্চিত।"

অ্যাসেম্বলিমেম্বার চার্লস ডি ল্যাভিন বলেন, "ডাউনটাউন ওয়েস্টবেরিতে অর্জিত উল্লেখযোগ্য অগ্রগতি আমি অত্যন্ত গর্ববোধ করি। সম্পন্ন হওয়া প্রকল্পগুলি এখন পরিকাঠামো এবং সুযোগ সুবিধাগুলিতে রূপান্তরমূলক পরিবর্তন এনেছে যা নিউ ইয়র্ক স্টেট ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ (DRI) এর অনুদানের মাধ্যমে অর্থায়ন করা হয়েছে এবং ওয়েস্টবেরিকে একটি আকর্ষণীয় গন্তব্যে পরিণত করেছে যা নিয়ে আমরা সকলেই গর্ব করতে পারি।"

নাসাউ কাউন্টির ল্যাজিসলেটর সিয়েলা এ. বাইনো বলেন, "ট্রানজিট ওরিয়েন্টেড, মিশ্র-ব্যবহার উন্নয়নের ধরনকে উৎসাহিত করার জন্য যে ব্লুপ্রিন্ট সেটাই হলো ওয়েস্টবেরি ভিলেজ ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের সফলতা যা আমাদের এলাকায় স্থায়ী আবাসন ঘাটতিগুলির সমাধান করতে এবং তরুণ পেশাদার এবং প্রবীণদের জন্য একইভাবে উন্নতির নতুন সুযোগ তৈরি করতে সাহায্য করবে। প্রায় আজীবন ওয়েস্টবেরির বাসিন্দা হিসাবে এতজন আন্তরিক স্টেকহোল্ডারদের সম্মিলিত শ্রম এখন কিভাবে ফলপ্রসূ হচ্ছে তা দেখা অত্যন্ত গর্বের ব্যাপার।"

নর্থ হেম্পস্টেড টাউন সুপারভাইজার জেনিফার ডিসেনা বলেন, "আজ ডাউনটাউন ওয়েস্টবেরির জন্য একটি ঐতিহাসিক অনুষ্ঠান! কমিউনিটির দৃষ্টিভঙ্গি এবং সহযোগিতামূলক প্রচেষ্টার শক্তির প্রমাণ হলো এই ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের প্রকল্পগুলির সফলভাবে সমাপন। গভর্নর হোকলকে ওয়েস্টবেরির ডাউনটাউনের জন্য একটি প্রাণবন্ত ভবিষ্যত গঠনে তাঁর প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ জানাই।"

টাউন অব নর্থ হেম্পস্টেড কাউন্সিল মেম্বার রবার্ট জে ট্রয়ানো বলেন,"ওয়েস্টবেরি এখন ট্রানজিট-ভিত্তিক উন্নয়ন এবং স্মার্ট বৃদ্ধির সম্ভাবনার প্রমাণ হিসেবে সগর্বে দাড়িয়ে আছে। এই অর্জনটি আমাদের কমিউনিটির সম্মিলিত আন্তরিক প্রচেষ্টাকে প্রতিফলিত করে এবং আমি গভর্নর হোকল, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন এবং স্টেট ডিপার্টমেন্টকে এই অসাধারণ তহবিল প্রদানে তাদের অমূল্য সহায়তার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জানাই। আমরা একত্রে ওয়েস্টবেরির জন্য একটি প্রাণবন্ত ভবিষ্যত গড়ে তুলছি যা দায়িত্বশীল এবং দূরদর্শী নগর উন্নয়নের মান নির্ধারণ করে।"

ওয়েস্টবেরির মেয়র পিটার ক্যাভালারোর বলেন, "আজকে আমাদের DRI প্রকল্পের যাত্রা পথের উল্লেখযোগ্য সমাপন নির্দেশ করে৷ অর্থায়িত প্রকল্পের সাতটির মধ্যে প্রতিটিই শত শত বাসিন্দা এবং স্টেকহোল্ডারদের সাথে জনসম্পৃক্ততার মাধ্যমে কল্পনা করা হয়েছিল এবং প্রতিটি আমাদের কমিউনিটির জন্য সত্যই পরিবর্তন নিয়ে আসে। শুরু থেকেই আমাদের লক্ষ্য হলো আমাদের পুনঃউন্নয়ন প্রচেষ্টাকে পরবর্তী স্তরে নিয়ে যাওয়ার জন্য এই তহবিলগুলিকে নিখুঁতভাবে ব্যবহার করা এবং ওয়েস্টবেরিকে অন্যান্য কমিউনিটির কাছে একটি মডেল হিসাবে তৈরি করা যারা তাদের ডাউনটাউনকে নতুনভাবে সাজাতে চাইছে। আমি মনে করি ভবিষ্যতের জন্য আমাদের কমিউনিটিকে আরো ভালো এবং আরো টেকসই করার সময় আমরা এটি অর্জন করতে সক্ষম হয়েছি। আমি গভর্নরের অফিসকে ধন্যবাদ জানাতে চাই, সেইসাথে সেক্রেটারি অব স্টেট এবং হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল অফিসগুলিকে, যারা আমাদের পরিকল্পনা বাস্তবায়নে এবং DRI প্রোগ্রাম ওয়েস্টবেরিতে যে সুবিধাগুলি নিয়ে এসেছে তা সর্বাধিক করার জন্য আমাদের সাথে দুর্দান্ত অংশীদার ছিল।"

স্থানীয় DRI পরিকল্পনা কমিটির কো-চেয়ার ডেভ ক্যাপেল বলেন, "আমি মেয়র ক্যাভালারো এবং ভিলেজ বোর্ড অব ট্রাস্টি (Village Board of Trustees)-কে তাদের লক্ষ্য, দৃঢ় সংকল্প এবং উল্লেখযোগ্য ট্রানজিট-ভিত্তিক উন্নয়নকে সহায়তা করার জন্য ডাউনটাউন রিভাইটালাইজেশন অনুদানের সুবিধা নেওয়ার জন্য এবং 2.6 বিলিয়ন-ডলারের LIRR থার্ড ট্র্যাক প্রকল্প, রাস্তার সৌন্দর্যের উন্নতি এবং সাংস্কৃতিক শিল্প ওয়েস্টবেরিকে একটি বৈচিত্র্যময় জনসংখ্যার জন্য একটি অন্বেষিত গন্তব্যে রূপান্তরিত করার জন্য অভিনন্দন জানাই। ওয়েস্টবেরি লং আইল্যান্ডে সফল ডাউনটাউন রিভাইটালাইজেশনের মডেল হিসেবে সেবা প্রদান করে।"

লং আইল্যান্ড অ্যাসোসিয়েশনের সভাপতি এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ম্যাট কোহেন বলেন, "ট্যাক্স বেস প্রসারিত করা এবং আরো আবাসনের সুযোগ তৈরি করা অর্থনৈতিক প্রবৃদ্ধিকে উদ্দীপিত করবে এবং লং আইল্যান্ডে নিয়োগকারীদের নিয়োগের জন্য প্রতিযোগিতা বাড়িয়ে তুলবে। আবাসন তৈরি, বিশেষ করে আরো সাশ্রয়ী মূল্যের বিকল্প, লং আইল্যান্ড ইনভেস্টমেন্ট ফান্ড বরাদ্দের মাধ্যমে একটি অগ্রাধিকার যা ওয়েস্টবেরির মতো কমিউনিটিগুলিতে নতুন ভাবে উন্নয়ন ঘটায় এবং যা আমাদের অঞ্চলের ক্রয়ক্ষমতার সংকট মোকাবেলায় সহায়তা করবে এজন্য LIA গভর্নর হোকলকে ধন্যবাদ জানায়।"

লং আইল্যান্ড বিল্ডার্স ইনস্টিটিউটের প্রধান নির্বাহী কর্মকর্তা মাইক ফ্লোরিও বলেন, "আমরা গভর্নর হোকলকে লং আইল্যান্ডের আবাসন সংকট মোকাবেলায় অব্যাহত প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানাই। রূপান্তরমূলক আবাসন প্রকল্পগুলিকে মোকাবেলা করার জন্য লং আইল্যান্ড ইনভেস্টমেন্ট ফান্ড থেকে কয়েক মিলিয়ন ডলারের প্রণোদনা লং আইল্যান্ডের প্রয়োজনে এক প্রকার শটের ধরন। এই অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন এবং কর্মসংস্থান বৃদ্ধির পাশাপাশি এখানে থাকতে ইচ্ছুক তরুণ ও প্রবীণদের জন্য আমরা কিভাবে ও কোথায় নতুন হাউজিং স্টক তৈরি করব তা পুনর্নির্মাণ করতে আমাদেরকে এই ধরনের প্রণোদনাগুলি সাহায্য করবে।"

অ্যাসোসিয়েশন ফর এ বেটার লং আইল্যান্ডের নির্বাহী পরিচালক কাইল স্ট্রোবার বলেন, "শত শত মিলিয়ন ডলারের তহবিলকে চালু করার যে উদ্যোগ সেটি গভর্নর হোকলের গ্রহণ করা এবং সেখানে রূপান্তরমূলক আবাসন প্রকল্প তৈরি করার উপায় রয়েছে যা লং আইল্যান্ডের জন্য একটি বিস্ময়কর জয়। এটি অত্যন্ত প্রয়োজনীয় আবাসন প্রকল্পগুলিকে প্রণোদনার মাধ্যমে উৎসাহিত করতে সাহায্য করবে, যা তরুণদেরকে আবাসন প্রদান করবে এবং আমাদের সিনিয়রদেরকে তাদের বয়স অনুসারে সুযোগ প্রদান করবে। এই উদ্যোগটি একটি তরুণ এবং প্রাণবন্ত কর্মীবাহিনী বজায় রাখতে সাহায্য করার পাশাপাশি নতুন গ্রাহকদের সাথে মেইন স্ট্রিট ব্যবসাগুলিকে সহায়তা করবে যা বড় কোম্পানিগুলিকে আকৃষ্ট করার ক্ষেত্রে এবং ধরে রাখার জন্য অপরিহার্য। পরিশেষে, এটির মূল অবকাঠামোগত চাহিদাগুলিকে মোকাবেলা করার সম্ভাবনা রয়েছে যা আমাদের অঞ্চলের অর্থনৈতিক বৃদ্ধিকে বাধাগ্রস্ত করেছে। ABLI গভর্নর হোকলের আমাদের অঞ্চলের আবাসন সংকট মোকাবেলায় এই নতুন প্রচেষ্টার জন্য প্রশংসা করে।"

ওয়েস্টবেরি বিজনেস ইমপ্রুভমেন্ট ডিস্ট্রিক্ট প্রেসিডেন্ট এবং ওয়েস্টবেরি-কার্লে প্লেস চেম্বার অফ কমার্সের প্রেসিডেন্ট পিটার ডি কার্বোন বলেন, "DRI এবং স্ট্রিটস্কেপের মতো প্রোগ্রামগুলো একটি প্রবল প্রভাব তৈরি করে যা ভিলেজ, ব্যবসা এবং তাদের আশেপাশের উন্নতি করে৷ আমরা ওয়েস্টবেরি ভিলেজের জন্য খুবই গর্ব করি এবং আমি এই ধরনের কর্মসূচির কারণে যে প্রবৃদ্ধি ঘটবে তার জন্য অপেক্ষা করছি।"

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ (Downtown Revitalization Initiative)
2016 সালে ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ তৈরি করা হয়েছিল রাজ্যের সব দশটি অঞ্চলের শহরতলি এবং পাড়াগুলির পুনরুজ্জীবনকে ত্বরান্বিত করতে এবং বিস্তৃত করার জন্য কার্যকলাপের কেন্দ্র এবং বিনিয়োগের জন্য অনুঘটক হিসাবে কাজ করার জন্য। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, হোম এবং কমিউনিটি রিনিউয়াল এবং নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA)সহায়তা নিয়ে, স্টেট বিভাগের (Department of State, DOS) নেতৃত্বে DRI নজিরবিহীন ও উদ্ভাবনী "পরিকল্পনার পরে পদক্ষেপ" কৌশলের প্রতিনিধিত্ব করে যা কৌশলী পরিকল্পনাকে তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে জোটবদ্ধ করে এবং ফলাফল হিসাবে একটি কম্প্যাক্ট, হাঁটার উপযুক্ত ডাউনটাউন তৈরি করে যা কোভিড-19 মহামারীর প্রভাব থেকে নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতির পুনর্গঠনে, একইসাথে গণপরিবহন ব্যবহারের প্রচার করে এবং

ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরশীলতা হ্রাস করে স্টেটের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জন করতে স্টেটকে সাহায্য করার একটি মূল উপকরণ।

এই কর্মসূচির প্রথম পাঁচ বছরে, স্টেট পুনরুজ্জীবনের জন্য উপযুক্ত অবস্থায় রয়েছে এবং পুনর্গঠন, ব্যবসা, চাকরি তৈরি, বৃহত্তর অর্থনৈতিক ও আবাসন সংক্রান্ত বৈচিত্র্য, ও সুযোগের জন্য চুম্বকে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে এমন 59টি ডাউনটাউনে 600 মিলিয়ন ডলার বিনিয়োগ করার প্রতিশ্রুতি দিয়েছে। DRI সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন